

উত্তরা ব্যাংক লিমিটেড আঞ্চলিক কার্যালয়

ঢাকা দক্ষিণ অঞ্চল

অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ১২নং ধারার বিধান মতে

পুনঃ নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মোঃ আসলাম মিয়া, পিতা-চান মিয়া, মাতা- ছাবেদা খাতুন, স্থায়ী ঠিকানাঃ গ্রাম-জোড় পুকুরপাড়, পোঃ পঞ্চসার ১৫০০, থানা-মুন্সীগঞ্জ সদর, জেলা-মুন্সীগঞ্জ, এর মালিকানাধীন মেসার্স হিমেল এন্টারপ্রাইজ ও সহযোগী ব্যবসা প্রতিষ্ঠান সুমন এন্টারপ্রাইজ নামীয় ব্যবসা প্রতিষ্ঠানদ্বয়ের নামে উত্তরা ব্যাংক লিমিটেড, খোলাইখাল শাখা হতে ২,৫০,০০,০০০.০০ (দুই কোটি পঞ্চাশ লক্ষ) টাকা সি.সি. (হাইপো), ৮,০০,০০,০০০.০০ (আট কোটি) টাকা এল.সি. (পি.এ.ডি সহ) এবং ৫,০০,০০,০০০.০০ (পাঁচ কোটি) টাকা এল.টি.আর ঋণ গ্রহণ করেন। ঋণের জামানত হিসেবে ঋণ গ্রহীতা মোঃ আসলাম মিয়া তাহার নিজ নামীয় তফসিলভুক্ত সম্পত্তি বন্ধক রাখেন। বার বার তলব ও তাগাদা সত্ত্বেও ব্যাংক ঋণ গ্রহীতা/বন্ধকদাতা/জামিনদারের নিকট হইতে ব্যাংকের পাওনা টাকা আদায় করিতে পারে নাই। ৩১/১০/২০১৭ ইং তারিখ পর্যন্ত হিসাব মতে তাহার নিকট ব্যাংকের= ১০,০১,১২,৬৯৬.০৮ (দশ কোটি এক লক্ষ বার হাজার ছয়শত ছিয়ানব্বই টাকা চার পয়সা) মাত্র পাওনা হইয়াছে। ঋণ নেওয়ার সময় ঋণ গ্রহীতা/বন্ধকদাতা বন্ধকীকৃত সম্পত্তি বিক্রী করার ক্ষমতা ব্যাংক কে প্রদান করিয়াছেন। তার প্রদত্ত ক্ষমতা বলে এবং উল্লিখিত আইনের বিধান মতে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি বিক্রী করার জন্য সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে। আর্থহী ক্রেতাগণ কর্তৃক আগামী ১৫/১২/২০১৭ ইং তারিখ বেলা ১ (এক) ঘটিকার মধ্যে ব্যাংকের খোলাইখাল শাখা, ঢাকায় রক্ষিত বাস্তব দরপত্র জমা করিতে অথবা খামের উপর "সম্পত্তি ক্রয় দরপত্র" লিখিয়া রেজিষ্টারি ডাকযোগে উক্ত ঠিকানায় প্রেরণ করিতে হইবে এবং ৩ দিন বেলা ৩ (তিন) ঘটিকার সময় দরপত্র দাতা কিংবা তাহার প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হইবে। দরপত্র অবশ্যই শর্তমুক্ত হইতে হইবে। বন্ধকী সম্পত্তি ক্রয়ের জন্য উত্তরা ব্যাংক লিমিটেড এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার মাধ্যমে নিম্নরূপ জামানত দরপত্রের সাথে দাখিল এবং বর্ণিত পরিশোধ সূচী অনুযায়ী বাকী টাকা পরিশোধ করিতে হইবে :-

দরপত্রের উদ্ধৃত মূল্য	জামানত	বাকী টাকা পরিশোধের সময়
অনুর্ধ্ব টাকা ১০,০০,০০০/-	২০%	দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৩০ (ত্রিশ) দিন
টাকা ১০,০০,০০১/- হতে অনূর্ধ্ব টাকা ৫০,০০,০০০/-	১৫%	দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৬০ (ষাট) দিন
টাকা ৫০,০০,০০০/- এর অধিক	১০%	দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৯০ (নব্বই) দিন

দরপত্র গৃহীত হওয়ার পর উপরোল্লিখিত সময়ের মধ্যে বাকী টাকা পরিশোধে ব্যর্থ হলে জামানতের টাকা ব্যাংকের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। প্রকাশ থাকে যে, দরপত্রে উল্লিখিত মূল্য অপর্বাণ্ড বা কম প্রতীয়মান হইলে অথবা কোন কারণ দর্শানো ব্যতিরেকেই ব্যাংক কর্তৃপক্ষ যে কোন/সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

তফসিল ভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধাসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান যথা সিটি কর্পোরেশন, ওয়াশা, পিডিবি, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান ইত্যাদির যে কোন পাওনা বা দাবী থাকলে তাহা পরিশোধের কোন দায়-দায়িত্ব অত্র ব্যাংকের উপর বর্তাবে না। এছাড়া দরপত্র দাতাকে রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচ, স্টাম্প ডিউটি ও অন্যান্য শুল্ক যদি থাকে এবং দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করতে হবে।

তফসিল-১

জেলাঃ মুন্সীগঞ্জ, থানা : মুন্সীগঞ্জ, সাব-রেজিস্ট্রি অফিস : মুন্সীগঞ্জ, মৌজা : পঞ্চসার, জে.এল. নং : সি.এস.-৭১, আর.এস.-৩৮, জোত নং : ৫৫৬৬, ৬০৮৯, ৬০৩২, খতিয়ান নং : সি.এস.-২৬৩, ১১২২, ১১৭০, এস.এ.-৩১৪, ১০৫৮, ১০৯৮, আর.এস.-১১০৫, ৯৩, ৫৮৯, মিউটেশন-৬০৭৯, ৫৫৫৮, ৬০২২, দাগ নং : সি.এস. এবং এস.এ.-১৫৪৭, ১৫৪৬, ১৫৫১, আর.এস.-২১৬০, ২১৬২, ২১৫৩, জমির পরিমাণ : ৯৩.৫৩ শতাংশ।

তফসিল-২

জেলাঃ মুন্সীগঞ্জ, থানা : মুন্সীগঞ্জ, সাব-রেজিস্ট্রি অফিস : মুন্সীগঞ্জ, মৌজা : পঞ্চসার, জে.এল. নং : সি.এস.-৭১, আর.এস.-৩৮, জোত নং : ৫২৫৬, খতিয়ান নং : সি.এস.-৮০৬, ৩২৬, এস.এ.-৭৪৮, ৩৯৯, আর.এস.-১৪০৬, ১৩১৯, মিউটেশন-৫২৪৯, দাগ নং : সি.এস. এবং এস.এ.-৭২৭, ৭৪৪, আর.এস.-৬৮২, ৭৬৯, জমির পরিমাণ : ২২.৮১ শতাংশ।

মহাব্যবস্থাপক

চেয়ারম্যান, টেন্ডার কমিটি।

ফোন/মোবাইল- ৫৭৩১৬০৩১, ৫৭৩১৯৭৫১, ০১৯৯১-১৪৪১৯০